ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৩৩
আগরতলা, ৯ মে, ২০২৫

**রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা**

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক বর্ণময় সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। ৩৪টি সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা অনুষ্ঠানে রবীন্দ্র নৃত্য, গান, আবৃত্তি পরিবেশন করেন। সাংস্কৃতিক সন্ধ্যায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী এবং বিশিষ্ঠ রবীন্দ্র সংগীত শিল্পী কমল বরণ চক্রবর্তী উপস্থিত ছিলেন এবং অনুষ্ঠানটি উপভোগ করেন।

******